# আশ-শামস | Ash-Shams | ٱلشَّمْس

আয়াতঃ ৯১ : ৪

## আরবি মূল আয়াত:

وَ الَّيۡلِ اِذَا يَغۡشٰىهَا ﴿۴﴾

## অনুবাদসমূহ:

কসম রাতের, যখন তা সূর্যকে ঢেকে দেয়। — আল-বায়ান

শপথ রাতের যখন তা সূর্যকে ঢেকে নেয়, — তাইসিরুল

শপথ রাতের, যখন ওটা ওকে আচ্ছাদিত করে। — মুজিবুর রহমান

And [by] the night when it covers it — Sahih International

৪. শপথ রাতের, যখন সে সূর্যকে আচ্ছাদিত করে(১),

(১) অর্থাৎ শপথ রাত্রির যখন সে সূর্যকে আচ্ছাদিত করে। এর অর্থ, সূর্যের কিরণকে ঢেকে দেয়। এর আরেকটি অর্থ হতে পারে, আর তা হলো, শপথ রাত্রির, যখন তা পৃথিবীকে আচ্ছাদিত করে; ফলে পৃথিবী অন্ধকারাচ্ছন্ন হয়ে যায়। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

৪। শপথ রজনীর, যখন তা সূর্যকে আচ্ছাদিত করে। [1]

[1] অর্থাৎ, সূর্যকে আছন্ন করে ফেলে এবং চতুর্দিকে অন্ধকার ছেয়ে আসে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6047

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন